গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সিআরভিএস অধিশাখা
www.cabinet.gov.bd

**বিষয়: সিভিল রেজিস্ট্রেশন এ্যান্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স (সিআরভিএস) সংক্রান্ত স্টিয়ারিং কমিটির পঞ্চম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ শফিউল আলম |
| সভার তারিখ | : | ২০ অক্টোবর ২০১৯ |
| সময় | : | বেলা ১১:০০ ঘটিকা |
| সভার স্থান | : | মন্ত্রিপরিষদ কক্ষ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সিআরভিএস সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগ সমূহের মধ্যে সমন্বয়কে আরো জোরদার করার লক্ষ্যে সকলে আন্তরিকতার সাথে কাজ করবেন মর্মে আশা প্রকাশ করে আলোচ্যসূচি অনুযায়ী সভার পরবর্তী কার্যক্রম পরিচালনা করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সচিব, সমন্বয় ও সংস্কার কে অনুরোধ করেন।

০২। **আলোচ্যবিষয়-১: বিগত সভার কার্যবিবরণ দৃঢ়করণ।**

চতুর্থ সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংযোজন বা পরিমার্জন থাকলে তা উপস্থাপনের জন্য উপস্থিত সদস্যগণের নিকট আহবান করা হয়। বিগত সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধন পরিমার্জনের প্রয়োজন নেই মর্মে উপস্থিত সদস্যগণ জানান।

০৩। **আলোচ্যবিষয়-২: বিগত সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি।**

সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ এবং সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরা হয়।

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি ও পর্যালোচনা |
|---|---|---|
| ১. | ২.১ সিআরভিএস এর কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে তৃতীয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নে সিআরভিএস সচিবালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | তৃতীয় সভার 5(a), 5(b), 5(c), 5(d), 5(e) এবং 5(i) সিদ্ধান্ত ছয়টি বাস্তবায়িত হয়েছে, সিদ্ধান্ত 5(f), 5(g), 5(h) এর আংশিক বাস্তবায়িত করা হয়েছে, এবং অবশিষ্টাংশ চতুর্থ সভার সিদ্ধান্ত হিসাবে বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। |
| ২. | ২.২ আগামী ২৩-২৫ জানুয়ারি ২০১৮ তারিখে অনুষ্ঠেয় International Conference on CRVS এর উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় অর্থ মন্ত্রী মহোদয়কে প্রধান অতিথি হিসাবে রাখার ব্যবস্থা নিতে হবে। | International Conference on CRVS এর উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় অর্থ মন্ত্রী মহোদয় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। |
| ৩. | ২.৩ স্থানীয় সরকার বিভাগ আগামী ২০১৮ সালের মার্চের মধ্যে জন্ম নিবন্ধন সপ্তাহ পালন করা যেতে পারে। | স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ২০১৮ সালের মার্চের মধ্যে জন্ম নিবন্ধন সপ্তাহ পালন করা সম্ভব হয়নি তবে ২০১৯ সালের ০৬ অক্টোবর ২০১৯ জাতীয় জন্ম নিবন্ধন দিবস পালন করা হয়েছে। উক্ত দিবস উদযাপনে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, মন্ত্রিপরিষদ বিভাগের সচিব, সমন্বয় ও সংস্কারসহ উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। |

| | | |
|---|---|---|
| ৪. | ২.৪ ছিট মহল এলাকায় নির্বাচন কমিশন কর্তৃক যাদেরকে NID প্রদান করা হয়েছে তাদেরকে ১০ ডিজিটের UID প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাছাড়া অনূর্ধ্ব ১৮ বছর বয়সের নারী পুরুষের জন্ম নিবন্ধনের বিষয়ে উদ্যোগ নিতে হবে। | ছিট মহল এলাকায় মোট ভোটার আছে ১,৮৮২৫৪ জন। এদেরকে এখনো পর্যন্ত স্মার্ট কার্ড দেয়া হয়নি বিধায় UID প্রদান করা সম্ভব হয়নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সকল ভোটারকে স্মার্ট কার্ড প্রদান করা হলে তখন সবাই UID পাবে।<br>ছিট মহল এলাকায় রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় কর্তৃক ২০১৮ সালে জন্ম নিবন্ধনের কার্যক্রম শুরু করা হয়েছে। পঞ্চগড়, নীলফামারী, লালমনিরহাট জেলার আটটি উপজেলার ছিট মহলে শূন্য থেকে ১৮ বছর বয়সী মোট জনসংখ্যা ৫৪৬৮৭ জন। এর মধ্যে ১০,৯৫৮ জনের জন্ম নিবন্ধন করা হয়েছে। |
| ৫. | ২.৫ সিআরভিএস-২ প্রকল্পের আওতায় স্থানীয় পর্যায়ে পরিবীক্ষণ কর্মকর্তা এবং সিআরভিএস সচিবালয়ে স্থায়ী জনবল নিয়োগের বিষয়ের প্রয়োজনীয় প্রশাসনিক কার্যক্রম গ্রহণ করতে হবে। | মন্ত্রিপরিষদ বিভাগের আওতায় সিআরভিএস শাখা খোলা হয়েছে এবং সিআরভিএস সচিবালয়ে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রকল্পের কার্যক্রম পরিচালনা করছেন।<br>সিআরভিএস সচিবালয়ের অর্গানোগ্রাম এবং কার্যপরিধি প্রস্তুত পূর্বক সংশ্লিষ্টজনের নিকট টেকনিক্যাল বিষয়ে মতামত চাওয়া হয়েছে। মতামত পেলে চূড়ান্তকরণের জন্য উপস্থাপন করা হবে। |
| ৬. | ২.৬ Bloomberg Data for Health Initiative এর কারিগরি সহায়তায় তৈরীকৃত রিভিউ প্রতিবেদনের সুপারিশের আলোকে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ও অন্যান্য প্রচলিত আইনের মধ্যে CRVS বাস্তবায়ন সংক্রান্ত অসংগতি পর্যালোচনা করে প্রতিবেদন দেয়ার জন্য একটি পর্যালোচনা কমিটি গঠন করা হলো। | বিগত ০৩-১২-২০১৭ তারিখে কমিটি গঠন করা হয়েছে। |
| ৭. | ৩.০ সিআরভিএস স্টিয়ারিং কমিটিতে (১) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, (২) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, (৩) সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, (৪) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, (৫) সচিব, জননিরাপত্তা বিভাগ, এবং (৬) সচিব, সুরক্ষা সেবা বিভাগকে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করা হলো। মন্ত্রিপরিষদ বিভাগের সমন্বয় অনুবিভাগ এতদসঙ্গে বিদ্যমান প্রজ্ঞাপন সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | বিগত ০৮-০১-১৮ তারিখে সংশোধিত প্রজ্ঞাপন জারি করা হয়েছে। সংশোধিত প্রজ্ঞাপন অনুসারে পরবর্তী সভায় সকল সদস্যগণকে আমন্ত্রণ জানানো হয়েছে। |
| ৮. | ৫.১ Data interoperability স্থাপন করার জন্য সিআরভিএস বাস্তবায়ন কমিটির আওতায় একটি টেকনিক্যাল কমিটি গঠন করার বিষয়ে উক্ত কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা | বিগত ২৫-০৬-২০১৮ তারিখের বাস্তবায়ন কমিটির সভার সিদ্ধান্ত মতে টেকনিক্যাল কমিটি গঠন করা হয়েছে এবং নিয়মিত সভা আহবান করা হচ্ছে। |

| | | |
|---|---|---|
| ৯. | ৫.২ কালীগঞ্জ মডেলটি অন্যান্য উপজেলায় বাস্তবায়নের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ থেকে একটি প্রজ্ঞাপন জারি করে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তাকে সম্পৃক্ত করতে হবে। | কালীগঞ্জ মডেলটি অন্যান্য উপজেলায় বাস্তবায়নের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ থেকে নির্দেশনা প্রেরণ করা হয় এবং সে প্রেক্ষিতে বর্তমানে ১৩ টি উপজেলায় এ কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। বাস্তবায়িত উপজেলাসমূহ হতে মন্ত্রিপরিষদ বিভাগে নিয়মিত প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে। |
| ১০. | ৫.৩ CRVS Implementation Coordination Project বাস্তবায়নের নিমিত্ত ডিপিপি প্রণয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ডিপিপি প্রণয়নের কাজ চলমান রয়েছে আশা করা যায় যে এ অর্থবছরেই প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন পাওয়া সম্ভব হবে। |
| ১১. | ৬.০ উপস্থাপিত CRVS++ লোগোটি আপাতত কনফারেন্সে ব্যবহার করা যেতে পারে, তবে a2i এর ডিজাইনারদের দ্বারা লোগোটি মূল ধারণা ঠিক রেখে পরবর্তীতে আরো আকর্ষনীয় করার পাশাপাশি একটি ট্যাগলাইন যোগ করা যেতে পারে। | CRVS++ লোগোটি International Conference on CRVS, 2018 এ ব্যবহার করা হয়েছে। |
| ১২. | ৬.১ আগামী ২৩-২৫ জানুয়ারি ২০১৮ তারিখে অনুষ্ঠেয় International Conference on CRVS, 2018 আয়োজনের জন্য উপস্থাপিত কনফারেন্সের ধারণাপত্র, অনুষ্ঠানসুচি, সেমিনার পরিকল্পনা এবং বাজেট অনুযায়ী সম্পন্ন করতে হবে। এজন্য গঠিত বাস্তবায়ন কমিটি কনফারেন্সটি আন্তর্জাতিক মান সম্পন্ন এবং আকষণীয় করে আয়োজনের পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবে।<br><br>বর্ণিত কনফারেন্স আয়োজনের জন্য বাজেট বিভাজনসহ চাহিদাপত্র অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | গত ২৩-২৫ জানুয়ারি ২০১৮ তারিখে International Conference on CRVS, 2018 আয়োজন করা হয়েছে। |
| ১৩. | ৭.০ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আইসিটি অধিদপ্তরকে সিআরভিএস বাস্তবায়ন কমিটির সদস্য হিসাবে অর্ন্তভূক্ত করা হলো। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আইসিটি অধিদপ্তরকে সিআরভিএস বাস্তবায়ন কমিটিতে অন্তর্ভুক্ত করণের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের কমিটি ও অর্থনৈতিক অধিশাখা কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |

০৪। আলোচ্যবিষয়-৩: **UNESCAP** এ উপস্থাপনের নিমিত্ত **Regional Action Framework on CRVS** এর রিপোর্ট সংক্রান্ত আলোচনা।

এশিয়া প্রশান্ত মহাসাগরীয় দেশগুলোর সিআরভিএস সংক্রান্ত মিনিস্টিরিয়াল সম্মেলন ২০১৪ সালে ব্যংককে অনুষ্ঠিত হয়। উক্ত সম্মেলনে এশিয়া প্রশান্ত মহাসাগরীয় দেশগুলোর জন্য ডিক্লারেশন হিসাবে "Get everyone in the picture" কে গ্রহণ করা হয় এবং ২০১৫-২০২৪ কে সিআরভিএস দশক হিসাবে ঘোষণা করা হয়। একই সাথে একটি Regional Action Framework চূড়ান্ত করা হয়। এই Regional Action Framework এ ৩টি লক্ষ্য, ১৫ টি স্থানীয় পর্যায়ে নির্ধারিত টার্গেট, ০৭ টি Action area এবং ৮ টি বাস্তবায়ন ধাপ নির্ধারণ করা হয়। Regional Action

Framework এর মাধ্যমে সংশ্লিষ্ট দেশসমূহের সিআরভিএস বাস্তবায়ন পর্যায় সম্পর্কিত প্রতিবেদন প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। রিপোর্টিং টাইমলাইন অনুসারে ২০১৯ সালে সদস্য দেশসমূহ কর্তৃক বর্ণিত লক্ষ্য এবং বাংলাদেশের সিআরভিএস সংশ্লিষ্ট নিজ নিজ টার্গেট অর্জনের মিডটার্ম রিপোর্ট UNESCAP এ দাখিল করতে হবে। উক্ত প্রতিবেদন প্রণয়নের নিমিত্ত সংশ্লিষ্ট সংস্থাগুলো হতে প্রয়োজনীয় তথ্য উপাত্ত সংগ্রহ করা হয়েছে।

UNESCAP এ উপস্থাপনের নিমিত্ত Regional Action Framework on CRVS এর রিপোর্ট সিআরভিএস বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত অনুসারে সংশোধন পূর্বক UNESCAP এ প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। উক্ত রিপোর্টে উল্লিখিত লক্ষ্য অর্জনের নিমিত্ত যে টার্গেট নির্ধারণ করা হয়েছে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ সে সকল টার্গেট অর্জনের বিষয়ে তাদের নিজ নিজ action plan মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। বর্ণিত রিপোর্টের টার্গেটগুলো বাংলাদেশের জন্য অত্যান্ত উচ্চাভিলাষী মর্মে উল্লেখ করে বাস্তবতার নিরিখে পুনঃনির্ধারণের জন্য সভায় মত প্রকাশ করা হয়।

০৫। আলোচ্যবিষয়-০৪: সিআরভিএস প্রকল্পের তৃতীয় পর্যায়ের ডিপিপি প্রণয়ন সংক্রান্ত আলোচনা।

সিআরভিএস প্রকল্পের তৃতীয় পর্যায়ের ডিপিপি প্রণয়নের কাজ দ্রুত সম্পন্ন করে চলতি অর্থবছরেই অনুমোদনের বিষয়ে আলোচনা করা হয়। সিআরভিএস বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত অনুসারে বর্ণিত ডিপিপি এর মাধ্যমে সিআরভিএস এর কার্যক্রম ৩২টি জেলায় সম্প্রসারণ করার বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়। তাছাড়াও প্রকল্প ডকুমেন্টে সিআরভিএস এর প্রাতিষ্ঠানিকীকরণের জন্য প্রয়োজনীয় উদ্যোগের বিষয়গুলো উল্লেখ করার উপর গুরুত্বারোপ করা হয়।

০৬। আলোচ্যবিষয়-০৫: সিআরভিএস বাস্তবায়নে প্রয়োজনীয় আইন প্রণয়ন সংক্রান্ত আলোচনা।

সিআরভিএস বাস্তবায়ন এবং অন্যান্য প্রচলিত আইনের উপর সিআরভিএস সংক্রান্ত বিষয়ের প্রাধান্য আনয়নের নিমিত্ত "সিআরভিএস আইন" প্রণয়ন করা অত্যন্ত জরুরী। সে জন্য বিশ্বের অন্যান্য দেশের সিআরভিএস আইনসমূহ পর্যালোচনা পূর্বক বাংলাদেশের জন্য একটি সিআরভিএস আইনের খসড়া প্রণয়নের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের সচিব, সমন্বয় ও সংস্কার এর নেতৃত্বে একটি কমিটি গঠনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। উক্ত আইনে মন্ত্রিপরিষদ বিভাগকে সমন্বয়ের দায়িত্ব দিতে হবে এবং সিআরভিএস সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয় ও বিভাগের সিভিল রেজিস্ট্রেশনের কাজ একটি অথরিটি বা সংস্থার আওতায় আনার সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় আরো উল্লেখ করা হয় যে প্রতিটি মৌলিক উপাত্তের কেবল একটি উৎস সংস্থা থাকবে এবং মৌলিক উপাত্তের ক্ষেত্রে উৎস সংস্থা ব্যতিত অন্য কোন সংস্থা কর্তৃক পরিবর্তন, সংশোধন অথবা ঐ মৌলিক উপাত্তের সত্যতা সম্পর্কে ভেরিফিকেশন গ্রহণযোগ্য হবে না। অন্যান্য সংস্থাসমূহ প্রযোজ্য ক্ষেত্রে উৎস সংস্থার মৌলিক উপাত্ত ব্যবহার এবং ডাটা শেয়ারিং করতে পারবে।

০৭। আলোচ্যবিষয়-৫: সিটিজেন কোর ডাটা স্ট্রাকচার (Citizen Core Data Structure-CCDS) সংক্রান্ত আলোচনা।

গত ২০১২ সালের ২৭ সেপ্টেম্বর তারিখে ০৪.২২২.০৫৮.০০.০৩.০১৪.২০১০.২৫৯ নম্বর স্মারকে 'নাগরিকের মৌলিক উপাত্ত কাঠামো' (Citizen Core Data Structure – CCDS) এর প্রজ্ঞাপন মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারি করা হয়। উক্ত জারীকৃত 'নাগরিকের মৌলিক উপাত্ত কাঠামো' (Citizen Core Data Structure – CCDS) কে আরো পরিমার্জন এবং যুগোপযোগী করে তৈরি করার নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ এবং এটুআই প্রোগ্রাম এর কনসালট্যান্টগণ কাজ করেছেন এবং বর্তমানে এর তৃতীয় ভার্সন সকলের মতামতের জন্য প্রেরণ করা হয় এবং প্রাপ্ত মতামতসমূহ তাতে অন্তর্ভুক্ত করা হয়। সিআরভিএস বাংলাদেশে একটি মাল্টি সেক্টরাল বিষয় হওয়ায় আন্তঃবিভাগীয় সিআরভিএস ডাটা interoperable করার ক্ষেত্রে যাতে কোন সমস্যা না হয় সে বিষয়ের প্রতি লক্ষ্য রেখে 'নাগরিকের মৌলিক উপাত্ত কাঠামো' (Citizen Core Data Structure – CCDS) এর তৃতীয় ভার্সন চূড়ান্ত করণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। যে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/সংস্থা কর্তৃক ইতোমধ্যেই নিজ নিজ ডাটাবেইজ তৈরি করা হয়েছে সেসকল ডাটাবেইজকে প্রযোজ্যমতে CCDS অনুযায়ী পুনর্গঠন/সংশোধন করা এবং নতুন ডাটাবেইজ প্রণয়নের ক্ষেত্রে'নাগরিকের মৌলিক উপাত্ত কাঠামো' (Citizen Core Data Structure – CCDS) অনুযায়ী তৈরি করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

০৮। আলোচ্যবিষয়-০৬: বিবিধ।

০৮.১। জন্ম ও মৃত্যু নিবন্ধন এবং NID সংক্রান্ত আলোচনা।

০৮.১.১। অনলাইনে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমকে আরোও গতিশীলকরণের লক্ষ্যে রেজিস্ট্রার জেনারেল জন্ম ও মৃত্যু নিবন্ধন কর্তৃক বিগত ০৬ (ছয়) মাসে জেলা ও উপজেলা পর্যায় ৩০ (ত্রিশ)টি প্রশিক্ষণ সম্পন্ন করা হয়। জন্ম ও মৃত্যু নিবন্ধনের লক্ষমাত্রা অর্জনে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত আছে। এ লক্ষ্য অর্জনে রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন এর একার পক্ষে সম্ভব নয় বিধায় এর সাথে সংশ্লিষ্ট সকলকে বিশেষ করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর, এটুআই প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নির্বাচন কমিশন, এনআইডি উইং, বাংলাদেশ নির্বাচন কমিশন এবং সকল জেলা প্রশাসন ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সার্বিক সহযোগিতা প্রয়োজন। সভাপতি জন্ম ও মৃত্যু নিবন্ধনের লক্ষ্যমাত্রা পূরণে, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন কে মূল ভূমিকায় দায়িত্ব পালনের উপর গুরুত্বারোপ করেন। জন্ম ও মৃত্যু নিবন্ধনের লক্ষ্যমাত্রা পূরণে রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়কে আরো কার্যকর করার পাশাপাশি BDRIS upgradation কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমকে সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে এর সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং জেলাপ্রশাসকসহ স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনকে সর্বাত্মক সহায়তা প্রদান করার বিষয়েও সভাপতি গুরুত্বারোপ করেন।

৮.১.২। বাংলাদেশে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ অনুসারে শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধনের বিধান রয়েছে। উক্ত আইনের ৯(১) ধারা অনুসারে কোন ব্যক্তির জন্ম বা মৃত্যু নিবন্ধনের জন্য নিবন্ধকের নিকট তথ্য প্রেরণ করতে ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন অথবা ক্যান্টনমেন্ট এলাকায় স্বাস্থ্যকর্মী ও পরিবার কল্যাণকর্মীগণ দায়িত্বপ্রাপ্ত। উক্ত নির্দেশনা বাস্তবায়নের জন্য জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন করার নিমিত্ত স্বাস্থ্যকর্মী ও পরিবার কল্যাণকর্মীগণের সহযোগিতা সংক্রান্ত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রশাসন-০১ শাখার ০১-০৭-২০১৪ তারিখের পরিপত্র যথাযথভাবে বাস্তবায়নের উপর সভায় আলোচনা করা হয়। জন্ম নিবন্ধনের সাথে জড়িত অন্যান্য সংস্থা/দপ্তর/পরিদপ্তর এবং মাঠ পর্যায়ের জেলা প্রশাসক, উপপরিচালক স্থানীয় সরকার, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদেরকে উক্ত পরিপত্র বাস্তবায়নে প্রয়োজনীয় ভূমিকা রাখার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

৮.১.৩। বাংলাদেশে মৃত্যু নিবন্ধনের হার খুবই হতাশাব্যঞ্জক বিধায়, মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ জনগণকে যে ওয়ারিশ সনদ প্রদান করে থাকেন সেটি প্রাপ্তির জন্য অনলাইন মৃত্যু নিবন্ধন এর বিষয়টি বাধ্য করা না হলে মৃত্যু নিবন্ধনের হার বাড়ানো যাবে না বিধায় উক্ত বিষয়ে স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় আশাবাদ ব্যক্ত করা হয়।

৮.১.৪। একই ব্যক্তির একাধিক জন্ম নিবন্ধন বন্ধ করতে এবং রোহিঙ্গা জনগোষ্ঠী যাতে কোন ভাবেই জন্ম নিবন্ধন না করতে পারে সেই বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়কে আরো সতর্ক থাকতে হবে। কারণ রোহিঙ্গা জনগোষ্ঠী কোন ভাবে জন্ম নিবন্ধন পেয়ে গেলে তা ব্যবহার করে জাতীয় পরিচয় পত্রের জন্য আবেদন করতে পারবে এবং জাতীয় পরিচয় পত্র পেলে পরবর্তীতে পাসপোর্টের জন্য আবেদন করতে পারে। রোহিঙ্গা জনগোষ্ঠীর যে কোন প্রকার নিবন্ধন বন্ধের বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়, জাতীয় পরিচয় নিবন্ধন অধিদপ্তর, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ এবং পাসপোর্ট অধিদপ্তরকে আরো সতর্কভাবে কাজ করতে হবে।

০৮.২। সিআরভিএস সচিবালয় সংক্রান্ত আলোচনা।

সিআরভিএস বাস্তবায়নের কার্যক্রম বিভিন্ন মন্ত্রণালয় এবং বিভাগ দ্বারা সম্পাদিত হচ্ছে। বিভিন্ন বিভাগের কাজের ধরণ বিভিন্ন রকম। সিআরভিএস সচিবালয় এর মাধ্যমে এ সকল বিভাগের কাজের মধ্যে সমন্বয় আরো জোরদার করতে হবে। স্থান সংকুলানের অভাবে সিআরভিএস সচিবালয় স্থাপনের নিমিত্ত অর্গানোগ্রাম এবং কার্যপরিধি

প্রস্তুতকরণের কিছুটা বিলম্বিত হয়। সিআরভিএস সচিবালয়ের অর্গানোগ্রাম কার্যপরিধি এবং পদ সৃজনের কার্যক্রম অতিদ্রুত সম্পন্ন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

**৮.৩। স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে আইসিডি কোডারের ১১০টি পদ সৃজন সংক্রান্ত আলোচনা।**

বিশ্ব স্বাস্থ্য সংস্থার নিয়মানুযায়ী রোগের বিস্তারিত এবং মৃত্যুর কারণ আইসিডি কোড অর্থাৎ international statistical classification of diseases (ICD) অনুযায়ী চিহ্নিত করতে হয়। মন্ত্রিপরিষদ বিভাগের আওতায় বাস্তবায়িত 'Technical support for CRVS system improvement in Bangladesh' প্রকল্পের মাধ্যমে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের সমন্বয়ে দেশের ৫০টি হাসপাতালে বিশ্ব স্বাস্থ্য সংস্থার নিয়মানুযায়ী মৃত্যুর অন্তর্নিহিত কারণ নির্ণয়করণ কার্যক্রম চালু করা হয়। পর্যায়ক্রমে এই কার্যক্রম দেশের সকল সরকারি ও বেসরকারি হাসপাতালে সম্প্রসারিত হবে। কোডারের পদ সৃজন না হওয়ায় বর্তমানে স্টাফ নার্স এবং মেডিক্যাল রেকর্ড কিপার দিয়ে মৃত্যুর কারণ কোডিং করে স্বাস্থ্য অধিদপ্তরের সার্ভারে ইলেট্রোনিক্যালি সংরক্ষণ করা হচ্ছে। বিগত সভায় আইসিডি কোডারের পদ সৃজনের সিদ্ধান্ত গৃহীত হলেও অদ্যাবধি পদ সৃজনের কার্যক্রম সম্পন্ন হয়নি। আইসিডি কোডারের ১১০টি পদ সৃজনের সকল কার্যক্রম বিধি অনুযায়ী গ্রহণ করে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। বিষয়টি বর্তমানে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিবেচনাধীন আছে। পদগুলো দ্রুত সৃজনের বিষয়ে সভায় বিশেষ গুরুত্বারোপ করা হয়।

**০৯। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:**

০৯.১। সিভিল রেজিস্ট্রেশন এ্যান্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স (সিআরভিএস) সংক্রান্ত স্টিয়ারিং কমিটির চতুর্থ সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকৃত করা হয়।

০৯.২। UNESCAP এ উপস্থাপনের নিমিত্ত Regional Action Framework on CRVS এর রিপোর্ট সিআরভিএস বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত অনুসারে সংশোধন পূর্বক প্রেরণ করতে হবে।

০৯.৩। Regional Action Framework on CRVS এর রিপোর্টে উল্লিখিত লক্ষ্য অর্জনের নিমিত্ত বাস্তবতার নিরিখে টার্গেট পুনঃনির্ধারণ করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ সে সকল টার্গেট অর্জনে তাদের নিজ নিজ action plan মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবেন।

০৯.৪। সিআরভিএস প্রকল্পের তৃতীয় পর্যায়ের ডিপিপি প্রণয়নের কাজ দ্রুত সম্পন্ন করে এ অর্থবছরেই অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রকল্প ডকুমেন্টে সিআরভিএস এর প্রাতিষ্ঠানিকীকরণের জন্য প্রয়োজনীয় উদ্যোগের বিষয় গুলো অন্তর্ভুক্ত থাকতে হবে।

০৯.৫। সিআরভিএস বাস্তবায়ন এবং অন্যান্য প্রচলিত আইনের উপর সিআরভিএস সংক্রান্ত বিষয়ের প্রাধান্য আনয়নের নিমিত্ত "সিআরভিএস আইন" প্রণয়ন করতে হবে। উক্ত আইনের খসড়া প্রণয়নের নিমিত্ত নিম্নরূপ একটি কমিটি গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১. | সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ | - আহবায়ক |
| ২. | মহাপরিচালক, ব্যানবেইস, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ | - সদস্য |
| ৩. | রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ | - সদস্য |
| ৪. | মহাপরিচালক, এনআইডি উইং, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয় | - সদস্য |
| ৫. | প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), এটুআই প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | - সদস্য |
| ৬. | জনাব শফিউল আজিম, যুগ্মসচিব, আইন অধিশাখায়, মন্ত্রিপরিষদ বিভাগ | - সদস্য |
| ৭. | যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | - সদস্য |
| ৮. | যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন), স্বাস্থ্য সেবা বিভাগ | |

১০. যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ - সদস্য
১১. যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ - সদস্য
১২. যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ - সদস্য
১৩. যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন), জননিরাপত্তা বিভাগ - সদস্য
১৪. যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ - সদস্য
১৫. যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ - সদস্য
১৬. যুগ্মসচিব (বাজেট ও উন্নয়ন), আইন ও বিচার বিভাগ - সদস্য
১৭. পরিচালক (সংশ্লিষ্ট), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো - সদস্য
১৮. পরিচালক (উন্নয়ন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর - সদস্য
১৯. পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ - সদস্য
২০. পরিচালক (সংশ্লিষ্ট), আইসিটি অধিদপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ - সদস্য
২১. পরিচালক (প্রশাসন ও অর্থ), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা। - সদস্য
২২. ড. আশরাফুল আলম, উপসচিব, আইন-১ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ - সদস্য
২৩. জনাব তানভীর আহমেদ, অতিরিক্ত জেলা প্রশাসক (এল এ), জেলাপ্রশাসকের কার্যালয়, ঢাকা - সদস্য
২৪. উপসচিব, সিআরভিএস অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ - সদস্য
২৫. পলিসি এডভাইজার, এটুআই, এটুআই প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ - সদস্য
২৬. কনসালটেন্ট-সিআরভিএস, এটুআই প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ - সদস্য
২৭. যুগ্মসচিব, সিআরভিএস ও সামাজিক নিরাপত্তা, মন্ত্রিপরিষদ বিভাগ - সদস্য সচিব

**কর্ম-পরিধি:** বিশ্বের অন্যান্য দেশের সিআরভিএস আইন সমূহ পর্যালোচনা পূর্বক বাংলাদেশের জন্য একটি সিআরভিএস আইনের খসড়া প্রণয়ন করবে। কমিটি প্রয়োজনে দেশী/বিদেশী বিশেষজ্ঞ এবং এক/একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

সিআরভিএস আইনের খসড়া প্রণয়নে নিম্নবর্ণিত বিষয়গুলোকে অন্তর্ভুক্ত করতে হবে।

ক) উক্ত আইনে সিআরভিএস বাস্তবায়নে মন্ত্রিপরিষদ বিভাগকে সমন্বয়কের দায়িত্ব দিতে হবে।

খ) সিআরভিএস সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের সিভিল রেজিস্ট্রেশন সংক্রান্ত কাজ যথাযথভাবে সম্পাদনের লক্ষ্যে একটি অথরিটি বা সংস্থা প্রতিষ্ঠা করতে হবে।

গ) প্রতিটি মৌলিক উপাত্তের কেবল একটি উৎস সংস্থা থাকবে এবং মৌলিক উপাত্তের ক্ষেত্রে উৎস সংস্থা ব্যতিত অন্যকোন সংস্থা কর্তৃক পরিবর্তন, সংশোধন অথবা ঐ মৌলিক উপাত্তের সত্যতা সম্পর্কে ভেরিফিকেশন গ্রহণযোগ্য হবে না। অন্যন্য সংস্থাসমূহ প্রযোজ্য ক্ষেত্রে উৎস সংস্থার মৌলিক উপাত্ত ব্যবহার এবং ডাটা শেয়ারিং করবে।

০৯.৬। আন্তঃবিভাগীয় সিআরভিএস interoperable করার ক্ষেত্রে যাতে কোন সমস্যা না হয় সে বিষয়ের প্রতি লক্ষ্য রেখে 'নাগরিকের মৌলিক উপাত্ত কাঠামো' (Citizen Core Data Structure – CCDS) এর তৃতীয় ভার্সন চূড়ান্তকরণ করার সিদ্ধান্ত হয়। এটি গত ২০১২ সালের ২৭ সেপ্টেম্বর তারিখে ০৪.২২২.০৫৮.০০.০৩.০১৪.২০১০.২৫৯ নম্বর স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনের স্থলাভিষিক্ত হবে। মন্ত্রিপরিষদ বিভাগ 'নাগরিকের মৌলিক উপাত্ত কাঠামো' (Citizen Core Data Structure – CCDS) এর তৃতীয় ভার্সন প্রজ্ঞাপন আকারে জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৯.৭। জন্ম ও মৃত্যু নিবন্ধনের লক্ষ্যমাত্রা পূরণে রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়কে আরো কার্যকর করার পাশাপাশি BDRIS upgradation কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করবে।

০৯.৮। জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমকে সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে এর সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং জেলাপ্রশাসকসহ স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনকে সর্বাত্মক সহায়তা প্রদান করবে।

০৯.৮। বাংলাদেশে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ এর বিধানমতে জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন করার নিমিত্ত স্বাস্থ্যকর্মী ও পরিবার কল্যাণকর্মীগণের সহযোগিতা সংক্রান্ত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রশাসন-০১ শাখার ০১-০৭-২০১৪ তারিখের পরিপত্র সারাদেশে যথাযথ ভাবে বাস্তবায়নের জন্য স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করবে।

০৯.৯। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ জনগণকে যে ওয়ারিশ সনদ প্রদান করে থাকেন সেটি প্রাপ্তির জন্য অনলাইন মৃত্যু নিবন্ধন এর বিষয়টি বাধ্য করার বিষয়ে স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করবে।

০৯.১০। রোহিঙ্গা জনগোষ্ঠীর যে কোন প্রকার নিবন্ধন বন্ধের বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়, নির্বাচন কমিশন সচিবালয়, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ এবং পাসপোর্ট অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৯.১১। সিআরভিএস সচিবালয়ের অর্গানোগ্রাম কার্যপরিধি এবং পদ সৃজনের কার্যক্রম সম্পন্ন করতে হবে।

০৯.১২। স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক প্রেরিত আইসিডি কোডারের ১১০টি পদ সৃজন সংক্রান্ত প্রস্তাবের সম্মতি প্রদানের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১০। পরিশেষে আর কোন আলোচ্যবিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

২৩.১০.১৯

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব